

আজু সখি, মুহু মুহু গাহে পিক কুহু কুহু,
 কুঞ্জবনে দুঁহু দুঁহু দৌহার পানে চায় ॥
 যুবনমদবিলসিত পুলকে হিয়া উলসিত,
 অবশ তনু অলসিত মুরছি জনু যায় ।
 আজু মধু চাঁদনী প্রাণউনমাদনী,
 শিথিল সব বাঁধনী, শিথিল ভই লাজ ।
 বচন মৃদু মরমর কাঁপে রিঝ থরথর,
 শিহরে তনু জরজর কুসুমবনমাঝ ।
 মলয় মৃদু কলয়িছে, চরণ নহি চলয়িছে,
 বচন মুহু খলয়িছে, অঞ্চল লুটায় ।
 আধফুট শতদল বায়ুভরে টলমল
 আঁখি জনু চলচল চাহিতে নাহি চায় ।
 অলকে ফুল কাঁপয়ি কপোলে পড়ে ঝাঁপয়ি,
 মধু-অনলে তাপয়ি খসয়ি পড়ু পায় ।
 ঝরই শিরে ফুলদল, যমুনা বহে কলকল
 হাসে শশি চলচল— ভানু মরি যায় ॥

Parjaay: Bhanu Singher Padabali, Taal: Jhaptaal, Style: Behag-Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail